ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩৭১৫</u>

আগরতলা, ১২ নভেম্বর, ২০২৫

**আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজে সম্পূর্ণ বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্বাবধানে অস্ত্রোপচারের সুবিধা পেয়ে মুখের অসহ্য যন্ত্রণা থেকে মুক্তি পেল রোগী**



দাঁত ও মুখগহ্বরের নানা জটিল সমস্যা লার্ঘবে রাজ্যের মানুষের একটি ভরসাস্থল হয়ে উঠেছে আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতাল। প্রতিদিন এই হাসপাতালে চিকিৎসা পরিষেবা লাভ করে উপকৃত হচ্ছেন দাঁত ও মুখ গহ্বরের নানবিধ জটিল সমস্যায় আক্রান্ত রোগীরা। রাজ্যে ডেন্টাল কলেজ প্রতিষ্ঠার আগে দাঁতের ও মুখগহ্বরের বিভিন্ন জটিল সমস্যার সুচিকিৎসা পাওয়া রাজ্যে দুষ্কর ছিল। এখন আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকগণ জটিল থেকে জটিলতর সমস্যার চিকিৎসা প্রদান করছেন, পাশাপাশি দাঁতের ও মুখগহ্বরের বিভিন্ন সার্জারিও সাফল্যের সাথে সম্পন্ন করছেন। সম্প্রতি পশ্চিম জেলার আনন্দনগর এলাকার ৫৩ বৎসর বয়স্কা এক মহিলা ডেন্টাল কলেজের বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্বাবধানে চিকিৎসা পরিষেবা গ্রহণে সুস্থ হয়ে উঠেছেন। বিগত চার মাস যাবৎ তিনি দাঁতের নানা জটিল সমস্যায় ভুগছিলেন। তিনি কোনও খাবার খেতে পারতেন না, প্রতিনিয়ত মুখে প্রচন্ড ব্যথা হতো। গত ১৮ অক্টোবর ২০২৫ তিনি ডেন্টাল কলেজের বহির্বিভাগে চিকিৎসার জন্য আসেন। তখন এই ডেন্টাল কলেজের বহির্বিভাগে চিকিৎসকদের দেখানোর পর মহিলাকে কলেজের ওরাল অ্যান্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি ডিপার্টমেন্টের চিকিৎসকদের পরামর্শের জন্য প্রেরণ করেন। এই ডিপার্টমেন্টে বিশেষজ্ঞ চিকিৎসকগণ মহিলার প্রাথমিক প্রয়োজনীয় স্ক্রিনিং এবং পরীক্ষা-নিরীক্ষা করেন। আর এই পরীক্ষার রিপোর্টের ভিত্তিতেই চিকিৎসকগণ মহিলার মুখের ভিতরে চোয়ালে এক পাশে একটি সিস্ট এর উপস্থিতি সম্পর্কে নিশ্চিত হন। তখন চিকিৎসকগণ দ্রুত মহিলার এই সিস্ট-টিকে অস্ত্রোপচারের মাধ্যমে অপসারণ করতে হবে বলে জানান। চিকিৎসকদের এই কথা শুনার পর মহিলার পরিবার-পরিজনেরা অস্ত্রোপচারের সম্ভাব্য খরচের কথা ভেবে খুবই দুশ্চিন্তার মধ্যে পড়ে গিয়েছিল। তখন এই ডেন্টাল কলেজের চিকিৎসকগণ মহিলার পরিবার-পরিজনদের জানান যে,আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা (পিএমএজেওয়াই) এবং চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা (সিএমজেওয়াই) এর মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে এই হাসপাতালেই অস্ত্রোপচার করা যাবে। আর এই কথা শুনার পর মহিলার পরিবার-পরিজনদের মুখে হাসি ফুটে এবং তারা চিন্তা মুক্ত হন। এরপর আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের ওরাল অ্যান্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ চিকিৎসকগণ মহিলার সিস্ট অস্ত্রোপচারের জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

*** ২য় পাতায়

গত ১ নভেম্বর ২০২৫ মহিলাকে ওরাল অ্যান্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্বাবধানে ভর্তি করানো হয়। এরপর গত ৩ নভেম্বর ২০২৫ উক্ত ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ চিকিৎসকগণ সাফল্যের সাথে মহিলার সিস্ট-টিকে অস্ত্রোপচারের মাধ্যমে অপসারণ করেন। এই অস্ত্রোপচারে ছিলেন আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ ম্যাক্সিলোফেসিয়াল সার্জন ডাঃ শ্রীধর রেড্ডি পাদালা, ডাঃ শম্ভু দে এবং নার্সিং অফিসার ছিলেন জেসমিন দেববর্মা সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা।

উল্লেখ্য, আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা (পিএমএজেওয়াই) এর অধীনে সম্পূর্ণ বিনামূল্যে এই মহিলার মুখে জটিল সমস্যার অস্ত্রোপচারের সুবিধা লাভ করে তিনি সুস্থ হয়ে উঠেন। অস্ত্রোপচারের পর মহিলাকে দু'দিন চিকিৎসকদের পর্যবেক্ষণে রাখা হয়। এরপর মহিলা সম্পূর্ণ সুস্থ হয়ে উঠলে গত ৫ নভেম্বর ২০২৫ হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়। অবশেষে মহিলা মুখের ব্যথা ও যন্ত্রণা থেকে মুক্তি লাভ করায় তার পরিবার-পরিজনেরা আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক সহ সকল স্বাস্থ্যকর্মীদের ধন্যবাদ জানান ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****